

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		

**ঘূর্ণিঝড় ‘জাওয়াদ’ এর কারণে ০৫-০৭ ডিসেম্বর, ২০২১ সম্ভাব্য বৃষ্টিপাতের জন্য বিশেষ কৃষি
আবহাওয়া পরামর্শ**

(বাগেরহাট, চুয়াডাঙ্গা, যশোর, ঝিনাইদহ, খুলনা, কুষ্টিয়া, মাগুরা, মেহেরপুর, নড়াইল, সাতক্ষীরা, বরিশাল, বরগুনা, ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী, পিরোজপুর, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, চাঁদপুর, লক্ষীপুর, নোয়াখালী, ফেনী, খাগড়াছড়ি, রাজামাটি, বান্দরবান, চট্টগ্রাম, কক্সবাজার, ঢাকা, গাজীপুর, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিন্দি, টাঙ্গাইল, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, নওগাঁ, নাটোর, পাবনা, রাজশাহী, সিরাজগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, সিলেট জেলার জন্য)

প্রকাশের তারিখ: ০৩/১২/২০২১

পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটি উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে একই এলাকায় ঘূর্ণিঝড় ‘জাওয়াদ’-এ পরিণত হয়েছে। পরবর্তীকালে, এটি উপকূলীয় ওড়িশা বরাবর পশ্চিমবঙ্গ উপকূলের দিকে উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হতে পারে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের মাঝারি পরিসরের পূর্বাভাস অনুযায়ী, ০৫-০৭ ডিসেম্বর ২০২১ সময়কালে উপরোক্ত জেলাগুলিতে হালকা থেকে মাঝারি ধরনের ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে, সে সাথে কোথাও কোথাও ভারী বর্ষণের সম্ভাবনা আছে।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ সাপেক্ষে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের অনুমোদনক্রমে উপরোক্ত জেলাগুলোর জন্য নীচের পরামর্শসমূহ প্রদান করা হলো:

- বৃষ্টিপাতের আগেই পরিপক্ব সবজি ও আমন ধান ৮০% পরিপক্ব হলে সংগ্রহ করে নিরাপদ জায়গায় রাখুন।
- বোরো ধানের বীজতলা ও আমন ধানের জমির নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে অতিরিক্ত পানি জমে না থাকতে পারে।
- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- বৃষ্টিপাতের ক্ষতি থেকে রক্ষার জন্য বীজতলায় থাকা সবজির চারা পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন।
- সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- বীজ বপন ও চারা রোপণ থেকে বিরত থাকুন।
- কলা ও দড়ায়মান সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- গবাদি পশু ও হাঁসমুরগীর থাকার জায়গা পরিষ্কার ও শুকনো রাখুন।



(ড. মো: শাহ কামাল খান)

প্রকল্প পরিচালক

মোবাইল নম্বর: +8801712184274